ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল
প্লট নং-২৩-২৬, রোড- ৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.১০.০০০০.০৪৬.২২.০৮১.২০২০-৪৬৯. তাং- ১৬/০৮/২০২০খ্রিঃ

বিষয় ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিদ্যমান বিভিন্ন সংস্থার ওভারহেড ক্যাবল সমুহ পরিকল্পিতভাবে মাটির নিচে স্থানান্তর বিষয়ে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরনী প্রেরন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিদ্যমান বিভিন্ন সংস্থার ওভারহেড ক্যাবল সমুহ পরিকল্পিতভাবে মাটির নিচে স্থানান্তর বিষয়ে গত ২৯/০৭/২০২০ইং তারিখে মাননীয় মেয়র মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরনী পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

১৬/০৮/২০২০

(মোঃ ফরহাদ)
নির্বাহী প্রকৌশলী
ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল।

অনুলিপিঃ সদয় কার্যার্থে ঃ

১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ সার্কেল, যান্ত্রিক সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মহাব্যবস্থাপক, সামিট কমিউনিকেশন লিঃ, ১৮ কাওরান বাজার, সামিট সেন্টার, ঢাকা-১২১৫।
৫. মহাব্যবস্থাপক, বাহন লিঃ, বাড়ী # ৩, ৫ম তলা, রোড # ৭, ব্লক # এফ, বনানী, ঢাকা-১২১৩।
৬. মহাব্যবস্থাপক, ফাইভার এট হোম, বাড়ী # ৭/বি, রোড # ১৩, গুলশান-১, ঢাকা-১২১২।
৭. সভাপতি/সাধারন সম্পাদক, ক্যাবল অপারেটর এসোসিয়েশন বাংলাদেশ (কোয়াব)।
৮. সভাপতি/সাধারন সম্পাদক, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েন বাংলাদেশ (আইএসপিএবি)।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. তত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দূর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল, বিদ্যুৎ সার্কেল, যান্ত্রিক সার্কেল, সিভিল সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১০. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. অফিস কপি।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

বিষয়ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিদ্যমান বিভিন্ন সংস্থার ওভারহেড ক্যাবল সমুহ পরিকল্পিতভাবে মাটির নিচে স্থানান্তর বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

সভাপতি	ঃ মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
সভার তারিখ ও সময়	ঃ ২৯/০৭/২০২০ ইং; দুপুর ১২ঃ০০ ঘটিকা।
সভার স্থান	ঃ মাননীয় মেয়র মহোদয়ের সন্মেলন কক্ষ, নগর ভবন।
সভার উপস্থিতি	ঃ পরিশিষ্ট -ক

১.০ আলোচনাঃ

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ডিএনসিসি এলাকার সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পিতভাবে বিভিন্ন সড়কে এলোমেলোভাবে বিদ্যমান ক্যাবল যথা- বৈদ্যুতিক ক্যাবল, ইন্টারনেট ক্যাবল, ক্যাবল অপারেটর, ইত্যাদির ক্যাবলসমুহ ওভারহেড অবস্থা থেকে মাটির নিচে স্থানান্তরের উপর গুরুত্ত্ব আরোপ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল জানান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্ত্বে গত ১৫/০১/২০১৫ইং তারিখের অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রগতি সরনির কুড়িল ফ্লাইওভার হতে মালিবাগ চৌধুরী পাড়া পর্যন্ত প্রায় ৭.৭০ কিলোমিটার অংশে কমন ইউটিলিটি টানেল নির্মানের ফিজিবিলিটি স্ট্যাডির জন্য পরিকল্পনা ও নকশা বিভাগ হতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিত করা হয়। উক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত রিপোর্ট, প্রাপ্ত ডাটা, পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত ডিজাইন ইত্যাদি প্রেজেন্টেশনের মাধ্যমে তিনি সভায় উপস্থাপন করেন।

অতঃপর প্রধান প্রকৌশলী বলেন, বর্ধিত ডিএনসিসি এলাকার জন্য সদ্য অনুমোদিত প্রকল্পের আওতায় উক্ত এলাকার প্রধান সড়কে ইউটিলিটি ডাক্ট নির্মান করার পরিকল্পনা রয়েছে। উক্ত পরিকল্পনা মোতাবেক ইউটিলিটি ডাক্ট স্থাপনের মাধ্যমে ডিএনসিসি'র নতুন এলাকায় বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ মাটির নিচে স্থানান্তর করা যাবে। পরিকল্পিত নগরায়নের লক্ষ্যে ডিএনসিসি'র সকল এলাকায় বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ মাটির নিচে স্থানান্তর করা প্রয়োজন।

অতঃপর সভায় উপস্থিত ফাইবার এট হোম এর প্রতিনিধি জানান, ইতিমধ্যে মহাখালী ডিওএইচএস এলাকার সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করা হয়েছে। উক্ত ক্যাবল ব্যবহার করে বিভিন্ন অপারেটরগন তাদের সেবা প্রদান করছে; একইভাবে ডিএনসিসি'র অন্যান্য এলাকায় মাটির নিচে ক্যাবলসমুহ স্থানান্তর করার কার্যক্রম নেয়া যেতে পারে। তিনি আরো জানান, গুলশান, বনানী, উত্তরা এলাকায় ফাইবার এট হোম এর নিজস্ব ব্যবস্থাপনায় হাউজহোল্ড কানেকশন রয়েছে; যা সহজেই ক্যাবল আপারেটরগন ব্যবহার করতে পারেন। ডিএনসিসি এলাকার বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ মাটির নিচে স্থানান্তরের বিষয়ে বিটিআরসি হতে প্রয়োজনীয় কার্যক্রম জোরদার করা প্রয়োজন মর্মে তিনি জানান। অতঃপর সভায় উপস্থিত সামিট কমিউনিকেশন এর প্রতিনিধি জানান, সরকারের পুর্ব অনুমোদন গ্রহন পুর্বক ফাইবার ক্যাবল স্থাপন করে ট্রান্সমিশন কাজ বাস্তবায়ন করার জন্য কয়েকটি প্রতিষ্ঠান রয়েছে। উক্ত প্রাতিষ্ঠান যেমন- ফাইবার এট হোম, সামিট কমিউনিকেশন, বাহন, ইত্যাদি কর্তৃক স্থাপিত ক্যাবল এর মাধ্যমে ইন্টারনেট সেবাদানকারী অপারেটরগন সেবা প্রদান করার বিধান থাকলেও অনেকক্ষেত্রে তা প্রতিপালন হচ্ছে না; ফলে ডিএনসিসি এলাকায় ওভারহেড ক্যাবল এর পরিমান দিনদিন বৃদ্ধি পাচ্ছে।

এপ্রসঙ্গে সভাপতি উল্লেখ করেন, অতিদ্রুত ডিএনসিসি এলাকার বিদ্যমান সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করতে হবে। এবিষয়ে ডিএনসিসি হতে ক্যাবল অপারেটর, ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠানসহ সকলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে। তিনি মহাখালী এলাকার পাইলট প্রকল্পটি অনুসরনে ডিএনসিসি'র অন্যান্য এলাকায় কার্যক্রম গ্রহনের নির্দেশনা প্রদান করেন। প্রথম পর্যায়ে গুলশান এভিনিউ এর কাজ শুরু করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

অতঃপর সভায় উপস্থিত কোয়াব, আইএসপিএবি এর প্রতিনিধিগন তাদের মতামত উপস্থাপন করেন। তারা বলেন, বর্তমানে তিনটি প্রতিষ্ঠান যথা ফাইবার এট হোম, সামিট কমিউনিকেশনস ও বাহন লিঃ এর মাধ্যমে তারা ইন্টারনেট ও ক্যাবল টিভির সেবা গ্রাহক পর্যায়ে পৌছে দেন। তবে, বিভিন্ন সীমাবদ্ধতার কারনে তাদের নিজস্ব ক্যাবল ব্যবহার করতে বাধ্য হয়। এপ্রসঙ্গে ফাইবার এট হোম, সামিট কমিউনিকেশনস এর ফি কমানোর জন্য বিটিআরসি কর্তৃক প্রদক্ষেপ নেয়ায় জন্য তারা সভাপতিকে অনুরোধ করেন। এখাতে বিভিন্ন অপারেটর কর্তৃক সেবা প্রদান করায় প্রতিযোগিতা সৃষ্ঠি হয়ে অনেকক্ষেত্রে কমমুল্যে সেবা প্রদানের জন্য তারা এনটিটিএন এর সেবা গ্রহন করেন না। তাছাড়া এনটিটিএন এর উপর নির্ভরশীলতা বেড়ে গেলে গ্রাহক পর্যায়ে সেবা পৌছে দিতে তাদের ব্যয় বৃদ্ধি পাবার সম্ভাবনা রয়েছে মর্মে উল্লেখ করেন।

অতঃপর সভাপতি বলেন, এনটিটিএন এর সেবা গ্রহনপুর্বক কোন প্রকার চার্জ না বাড়িয়ে নগরবাসীকে ইন্টারনেট সেবা ও ক্যাবল সেবা প্রদানের জন্য তিনি কোয়াব ও আইএসপিএবি এর প্রতিনিধিগনকে অনুরোধ করেন। তিনি সামিট কমিউনিকেশনস কে ডোর টু ডোর সেবা প্রদানের কার্যক্রম গ্রহনের লক্ষ্যে প্রয়োজনীয় নেটওয়ার্ক সম্প্রসারনের নুরোধ করেন। প্রথম পর্যায়ে আগামী ০১ অক্টোবর ২০২০ ইং তারিখের মধ্যে ডিএনসিসি'র আওতাধীন গুলশান এভিনিউ এর পাকিস্তান এম্বেসি হতে গুলশান শুটিং ক্লাব পর্যন্ত সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তরের কার্যক্রম গ্রহনের জন্য তিনি সংশ্লিষ্ঠ সকলকে অনুরোধ করেন।

২.০ সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিন্মরুপ সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	গ্রাহক পর্যায়ে সেবা মূল্য বৃদ্ধি না করে আগামী ০১ অক্টোবর ২০২০ ইং তারিখের মধ্যে গুলশান এভিনিউ এর পাকিস্তান এম্বেসি হতে গুলশান শুটিং ক্লাব পর্যন্ত প্রধান সড়কে বিদ্যমান সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করতে হবে।	সামিট কমিউনিকেশন লিঃ ফাইবার এট হোম বাহন লিঃ কোয়াব আইএসপিএবি
২.২	আগামী ২ (দুই) বছরের মধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় বিদ্যমান সকল ওভারহেড ক্যাবল সমুহ সংশ্লিষ্ঠ সকল সংস্থার সাথে সমম্বয় সাধন পুর্বক পরিকল্পিতভাবে মাটির নিচে স্থানান্তর করতে হবে।	ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২.৩	উপরে উল্লেখিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল **জরুরী ভিত্তিতে** কার্যকরী প্রদক্ষেপ গ্রহন করবে।	ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন।

৭/৯/২০২০

(মোঃ আতিকুল ইসলাম)
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।